



## বিএনপি ও জামায়াতের ৮ নেতাকে নিরাপত্তা নিশ্চিতের নির্দেশ ইসির



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে গাজীপুর-১ আসনের বিএনপি মনোনীত প্রার্থী এবং জামায়াতে ইসলামীর শীর্ষ সাত নেতার নিরাপত্তা নিশ্চিত করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।

নির্বাচন পরিচালনা-০২ অধিশাখার উপসচিব মোহাম্মদ মনির হোসেন স্বাক্ষরিত দুটি চিঠিতে সম্প্রতি এই নির্দেশনা জানানো হয়। চিঠিতে বলা হয়েছে, বিএনপি প্রার্থী মো. মজিবুর রহমান তার জীবনের নিরাপত্তা চেয়ে প্রধান নির্বাচন কমিশনার বরাবর আবেদন করেছিলেন। আগামী ১২ ফেব্রুয়ারি ভোটগ্রহণ পর্যন্ত তার জন্য উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দেওয়া হয়েছে।

অপর চিঠিতে জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের দলের ৭ জন শীর্ষ নেতার নিরাপত্তার জন্য আবেদন করেন। এই নেতারা হলেন—আমির ডা. শফিকুর রহমান, নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের, নায়েবে আমির এটিএম আজহারুল ইসলাম, সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার, নায়েবে আমির অধ্যাপক মুজিবুর রহমান, সহকারী সেক্রেটারি জেনারেল ড. হামিদুর রহমান আযাদ এবং সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান। তাদেরও নিরাপত্তা নিশ্চিতের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হয়েছে।

ইসি জানায়, নির্বাচনকালীন সময়ে প্রার্থীদের নিরাপত্তা ও প্রচারণা অবাধ ও সুষ্ঠু ভোটের অপরিহার্য অংশ। আগামী ১২ ফেব্রুয়ারি দেশের নির্বাচন সুষ্ঠু ও নিরাপদভাবে আয়োজনের লক্ষ্যে ইসি ও সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা বাহিনী জোরদারভাবে প্রস্তুতি।